বিয়ানীবাজারে শহীদ সাংবাদিক তুরাব চত্ত্বরের ভিত্তিপ্রস্থর স্থাপন

চেম্বার ডেস্ক: বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলন চলাকালে পুলিশের গুলিতে নিহত শহীদ সাংবাদিক আবু তাহের মো: তুরাবের নামে চত্ত্বর নির্মাণের জন্য ভিত্তিপ্রস্থর স্থাপন করা হয়েছে।

সিলেটের জেলা প্রশাসক নামকরণ সংক্রান্ত চত্ত্বর নির্মাণের অনুমোদন দিয়েছেন বলে জানা গেছে।

বিয়ানীবাজার পৌরশহরের প্রধান সড়কের উপর অবস্থিত ডাকবাংলোর নীচে এই চত্ত¡রের ভিত্তিপ্রস্থর স্থাপন করা হয়।

রবিবার দুপুরে শহীদ সাংবাদিক তুরাব চত্ত্বরের ভিত্তিপ্রস্থর উদ্বোধন করেন বাংলাদেশ জামায়াতে ইসলামীর কেন্দ্রীয় কার্যনির্বাহী সদস্য ও ঢাকা উত্তরের আমীর মুহাম্মদ সেলিম উদ্দিন।

এ সময় তিনি বলেন, ফ্যাসিষ্ট হাসিনা সরকার ক্ষমতা দীর্ঘায়িত করতে জুলাই-আগষ্টে দেশে গণহত্যা চালিয়েছে। আর তার এসব হত্যাযজ্ঞের সংবাদ যাতে দেশবাসী না জানতে পারে সেজন্য দেশের ইন্টারন্টে শাটডাউন, সাংবাদিক হত্যাসহ বিভিন্ন শ্রেণী পেশার মানুষকে হত্যা করেছে। আর এসব অপকর্মের মাস্টার মাইন্ড ছিল হাসিনা।

শহীদ সাংবাদিক তুরাবের ভাই আবু জাফর জাবুর বলেন, তার ভাইকে হত্যার পর আলামত নষ্টের চেষ্টা করা হয়েছে। মামলা ভিন্নখাতে প্রবাহিত করার পরিকল্পনা হয়েছে। তিনি হত্যাকান্ডে জড়িত সকল পুলিশ কর্মকর্তাদের দ্রুত গ্রেফতার করে আইনের আওতায় নিয়ে আসার দাবী জানান।

ভিত্তি প্রস্থর স্থাপন অনুষ্টানে অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন উপজেলা জামায়াতের নায়েবে আমীর আবুল খায়ের,সেক্রেটারী আবুল কাশেম, প্রেসক্লাবের সাধারণ সম্পাদক মিলাদ মো. জয়নুল ইসলাম প্রমুখ।

শিক্ষার্থীদের বৈষম্যবিরোধী আন্দোলনের সময় গত ১৯ জুলাই পেশাগত দায়িত্ব পালন করতে গিয়ে সিলেট নগরীতে পুলিশের গুলিতে নিহত হন সাংবাদিক আবু তাহের মোঃ তুরাব। তিনি বিয়ানীবাজার পৌরসভার

□□□□□□□□ □□□□□□□□ □□□□□□□□ □□□□□□□ □□□□□□□ □□□□□